



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

১৩ অগ্রহায়ণ ১৪৩০

তারিখ:

২৮ নভেম্বর ২০২৩

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানী।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানির স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকরণকালীন সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ১৪ মে ২০১৩ এবং ডিএফআইএম সার্কুলার লেটার
নং-১১, তারিখ: ২০ জুন ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে ফাইন্যান্স কোম্পানির স্থাপনার কাঠামোগত নিরাপত্তা
ব্যবস্থা জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এক্ষণে, ফাইন্যান্স কোম্পানির স্থাপনা ও জানমালের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে
নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) ফাইন্যান্স কোম্পানির স্থাপনার (প্রধান কার্যালয়, শাখা, ব্যবসা কেন্দ্র, বুথ, নিজস্ব/ভাড়াকৃত ভবন
ইত্যাদি) প্রবেশ পথে, অভ্যন্তরে, স্থাপনার বাহিরে চতুর্দিকে এবং সকল ধরণের IT Room এ
প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি ক্যামেরা স্থাপন করা;
- (খ) স্থাপিত/স্থাপিতব্য সিসিটিভি ক্যামেরা সার্বক্ষণিক মনিটরিং-এর আওতায় আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণ করা;
- (গ) সিসিটিভি ক্যামেরায় ধারণকৃত ভিডিও ফুটেজ যাতে প্রয়োজনে নিকটস্থ থানা/পুলিশ পেতে পারে সে
বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা এবং
- (ঘ) সিসিটিভি ক্যামেরায় ধারণকৃত ভিডিও ফুটেজ ন্যূনতম এক বছর সংরক্ষণ করা।

০৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা
হলো।

আপনাদের বিশ্বস্ত,

০.৭

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০০১৭৮